নাগরিক পরিষেবা দিবস – "জনসংযোগ থেকে জনসেবা"

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ২৫ বছরের নিরবচ্ছিন্ন জনসেবার গৌরবময় যাত্রা উপলক্ষে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ***৫ অক্টোবর থেকে ১৬ অক্টোবর, ২০২৬*** পর্যন্ত ***"নাগরিক পরিষেবা দিবস – জনসংযোগ থেকে জনসেবা"*** কর্মসূচির আয়োজন করা হচ্ছে।

এই কর্মসূচির মূল লক্ষ্য হল নাগরিকদের কাছে সরকারি পরিষেবা পৌঁছে দেওয়া, অভিযোগের দ্রুত নিষ্পত্তি করা এবং সময়বদ্ধভাবে বিভিন্ন জনকল্যাণমূলক পরিষেবা প্রদান নিশ্চিত করা।কর্মসূচির অংশ হিসেবে জেলার বিভিন্ন ব্লক সদর দপ্তরে বিশেষ প্রশাসনিক পরিষেবা শিবির আয়োজন করা হবে।এই শিবিরগুলিতে বিভিন্ন সরকারি দপ্তরের মাধ্যমে বিভিন্ন শংসাপত্র প্রদান, আবেদন গ্রহণ, জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা প্রদান, স্বাস্থ্য, শিক্ষা, ভূমি এবং অন্যান্য নাগরিক পরিষেবা প্রদান করা হবে।

এছাড়াও নির্ধারিত দিনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ও সমাহর্তা (D.M & Collector), সংশ্লিষ্ট মহকুমা শাসক (SDM) এবং ব্লক উন্নয়ন আধিকারিক (BDO) দের সঙ্গে নিয়ে, জনপ্রতিনিধিদের উপস্থিতিতে জন শুনানি (Jan Sunwai) পরিচালনা করবেন।এই জন শুনানিতে নাগরিকদের অভিযোগ ও সমস্যাগুলি সরাসরি শোনা হবে এবং সম্ভব ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করা হবে।যেসব বিষয় তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করা সম্ভব নয়, সেগুলির ক্ষেত্রে নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

জন শুনানির সময়সূচি
সময়: সকাল ১১টা থেকে দুপুর ২টা
স্থান: সংশ্লিষ্ট ব্লক সদর দপ্তর

তারিখ	আর.ডি. ব্লক	মহকুমা
৫ অক্টোবর, ২০২৬	মোহনপুর	মোহনপুর
৬ অক্টোবর, ২০২৬	ডুকলি	সদর
৮ অক্টোবর, ২০২৬	জিরানিয়া	জিরানিয়া
৯ অক্টোবর, ২০২৬	হেজামারা	মোহনপুর
১২ অক্টোবর, ২০২৬	লেফুঙ্গা	মোহনপুর
১৩ অক্টোবর, ২০২৬	বামুটিয়া	মোহনপুর
১৪ অক্টোবর, ২০২৬	বেলবাড়ি	জিরানিয়া
১৫ অক্টোবর, ২০২৬	মান্দাই	জিরানিয়া
১৬ অক্টোবর, ২০২৬	পুরাতন আগরতলা	জিরানিয়া

জেলার সর্বস্তরের নাগরিকদের এই বিশেষ কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে তাঁদের অভিযোগ, সমস্যা এবং সরকারি পরিষেবা সংক্রান্ত বিষয়গুলি সরাসরি প্রশাসনের কাছে তুলে ধরার জন্য আহ্বান জানানো হচ্ছে।

" জনসংযোগ থেকে জনসেবা "

ধন্যবাদান্তে,
পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন